শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

নদী থেকে রাজকুমার

লেখক: Edward Hughes
চিত্রাংকন: M. Maillot; Lazarus
অভিযোজন: M. Maillot; Sarah S; Alstair Paterson
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

প্রধানমন্ত্রী যোষেফ মারা গেলেন! সমস্ত মিশরবাসী তার পরিবারের দুঃখ বহন করল। ঈশ্বর যোষেফকে ব্যবহার করে সমগ্র দেশকে দুর্ভিক্ষের হাত থেকে বাঁচিয়েছিলেন। তিনি ছিলেন একজন

বিজ্ঞ ও প্রিয় নেতা, কিন্তু এখন তিনি আর নেই।

তিনশো বছর পেরিয়ে গেছে, যোষেফের ইব্রীয় লোকেরা এক বড়ো জাতি হিসাবে মিশরে পরিচিত হয়েছে। নতুন ফরৌণ ভীত, হয়তো এই ইব্রীয়রা তার বিপক্ষে চলে যাবে, সেই কারণে তিনি সবাইকে ক্রীতদাস করে নিলেন।



ফরৌণ ইব্রীয়দের সাথে নিষ্ঠুর ব্যবহার করতে লাগল। শহর বানানোর জন্য সে তাদের চাপ দিতে লাগল। কি্তু যতই কঠিন কাজ হোক না কেন, ইব্রীয়রা সংখ্যায় বাড়তে লাগল।



একদিন এক ভয়ানক আদেশ ফরৌণের কাছ থেকে এল। “সমস্ত সদ্যজাত ইব্রীয় শিশুদের নীল নদীতে ছুঁড়ে ফেলে দিতে হবে।” দুষ্ট ফরৌণ এইভাবে ইব্রীয়দের সংখ্যা কমানোর কথা চিন্তা করল। এমনকি শিশুদের হত্যা করে!



একটি পরিবার অবাক হয়ে গেল, “আমরা কী করব?” তারা ঠিক করল, তারা তাদের শিশুকে নীল নদীর জলে রাখবে, কিন্তু সে থাকবে একটি ঝুড়ির মধ্যে, যার চারিদিকে জল যাবে না।

বহুমূল্য জিনিস নিয়ে ঝুড়িটি নলবনের মধ্যে ভাসতে লাগল। কী হবে ঐ ছোট শিশুটির?



ঝুড়িটি যখন নলবনের মধ্যে ভাসছিল, তখন দূর থেকে তার বোন তাদের মহামূল্য ঝুড়িটিকে লক্ষ্য করছিল।

হঠাৎ ফরৌণের মেয়ে ও তার দাসীরা নদীতে স্নান করতে এল। ঝুড়িটাকে লুকানোর কোনও রাস্তা ছিল না। বোধহয় এটাকে না দেখেই তারা বেরিয়ে যেত।

“ও! ঐ নলবনের ভেতরে একটা ঝুড়ি। ওর ভেতরে কী আছে, তা ভেবে আমার অবাক লাগছে।” ফরৌণের মেয়ে ঝুড়িটাকে কাছে আনার জন্য তার দাসীকে আদেশ দিল। ওটাকে যখন খোলা হল, শিশুটি কাঁদতে শুরু করল। রাজকন্যা বিস্ময় হয়ে বলল, “এটা একটি ইব্রীয় শিশু।”



“বেচারা, তুনি খুব সুন্দর।” বোধহয় ফরৌণের কন্যা সেই ছোট্ট শিশুটির সাথে কথা বলছিল, যেমন অন্যান্যরা বলে থাকে।সে হয়তো বলেছিল, “উচি-কুচি-কুউউউমস” – অবশ্য মিশরীয় ভাষায়।

ঈশ্বর বোধহয় এক বিশেষ জ্ঞান সেই শিশুর বোনকে দিয়েছিল। সে ফরৌণের কন্যার কাছে দৌড়াল। “শিশুটিকে দেখাশোনা করার জন্য আমি কি তোমার জন্য একজন ইব্রীয় মহিলা খুঁজব?” উত্তর এল, “যাও।”

তুমি কি মনে কর, মেয়েটা কাকে আনতে গিয়েছিল?

“মা! তাড়াতাড়ি এস! খুব শীঘ্র!” মেয়েটির বোধহয় ব্যাখ্যা করার সময় ছিল না। তারা একসাথে দৌড়াতে লাগল।

নদীর ধারে ফরৌণের মেয়ে শিশুটিকে ধরল। “ওকে আমার জন্য সেবা কর, আমি তোমায় টাকা দেব। ওর নাম মোশি দাও।” বোধহয় মিশরীয় জলের পুত্রের নাম মোশি।

সুতরাং, মোশি তার বাবা-মায়ের ঘরে ফিরে এল। ঈশ্বরকে ও ইব্রীয়দের ভালোবাসার বিষয়ে তারা তাকে শিক্ষা দিল। শীঘ্র সে ফরৌণের কন্যার সাথে রাজপ্রাসাদে বাস করবে। ঈশ্বর যিনি তার জীবন রক্ষা করেছিলেন, তিনি এক বিরাট ভবিষ্যৎ পরিকল্পনা করে রেখেছেন।



নদী থেকে রাজকুমার

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যাত্রাপুস্তক ২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬